

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০১০.১৯ (অংশ-৪)-৭৯৬

তারিখঃ ২১ জুন ২০২০ খ্রিস্টাব্দ
০৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরধীন জেলা সদর হাসপাতাল, রাজবাড়ী কার্যালয়ে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক
অনুমোদন

সূত্রঃ (১) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারক নং- ০৭.১৫৬.০১৫.৪৫.০২.০৫.২০১৫-২৭৪, তারিখঃ ০৩/০৬/২০২০ খ্রিঃ

(২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশা-২/মেকহা/ইনঃহাসঃ/সিএস-অন্যান্য/আউট সোর্সিং-১৩/১৮(অংশ-১)/১২৭২, তারিখঃ ১১/০৩/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তরধীন জেলা সদর হাসপাতাল, রাজবাড়ী কার্যালয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নিয়োক্ত ২১ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্তে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	সেবার ধরন	অনুমোদিত সেবা কর্মীর সংখ্যা	সেবার ক্যাটাগরি
জেলা সদর হাসপাতাল, রাজবাড়ী	১	ইলেকট্রিশিয়ান	০১	ক্যাটাগরি-১
	২	পাম্প/জেনারেটর অপারেটর	০১	ক্যাটাগরি-২
	৩	ওয়ার্ড বয়	০৫	ক্যাটাগরি-৫
	৪	নিরাপত্তা প্রহরী	০৫	ক্যাটাগরি-৫
	৫	মালী	০১	ক্যাটাগরি-৫
	৬	ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট	০১	ক্যাটাগরি-৫
	৭	স্ট্রেচার বেয়ারার	০২	ক্যাটাগরি-৫
	৮	ওটি বয়	০১	ক্যাটাগরি-৫
	৯	পরিচ্ছন্নতা কর্মী	০১	ক্যাটাগরি-৫
	১০	আয়া	০৩	ক্যাটাগরি-৫
				মোট-২১ জন


শর্তাবলীঃ

- অর্থ বিভাগের গরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯, তারিখঃ ১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;
- সেবা কর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;

চলমান পাতা-২

- (ঙ) পরিচ্ছন্নতা কর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে;
- (চ) আউটসোর্সিং এর জন্য সম্মতিকৃত সেবাসমূহের মধ্যে রাজস্বখাতভুক্ত পদ থাকলে তা বিলুপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং
- (ছ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের সকল নির্দেশনা (জারিকৃত বা জারিতব্য) প্রযোজ্য হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে


(শারমিন আক্তার জাহান)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hds.gov.bd

তত্ত্বাবধায়ক,
জেলা সদর হাসপাতাল
রাজবাড়ী

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপসচিব, পার-৪, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিভিল সার্জন, রাজবাড়ী।
- ৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজবাড়ী।
- ১১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।